

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.techedu.gov.bd.

স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৩.১৬.০০৮.১৭.৪৮

তারিখ: ০৯/০৮/২০১৮ খ্রি:।


বিষয়: ভিডিও কনফারেন্সিং ডিভাইস সচল ও চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁর অবগতি ও জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে প্রাতিষ্ঠানিক যোগাযোগ ও মনিটরিং ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে 'ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)' প্রকল্পের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরবাহীন ৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউটে ভিডিও কনফারেন্সিং ডিভাইস স্থাপন করা হয়েছে। ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ সহ অধিদপ্তরবাহীন অন্যান্য প্রতিষ্ঠানে উক্ত ডিভাইস না থাকলেও বিকল্প হিসেবে স্কাইপি/ইমু/ ভাইবার/ম্যাসেঞ্জার এর মাধ্যমে নিয়মিত প্রাতিষ্ঠানিক যোগাযোগ চালু রাখার জন্য একাধিকবার নির্দেশনা দেয়া হয়েছে।

২। কয়েকটি পলিটেকনিক ইনস্টিটিউটে ভিডিও কনফারেন্সিং ডিভাইস সচল ও চালু নেই। এছাড়া অধিদপ্তরবাহীন অনেক প্রতিষ্ঠানে লাইভ (ভিডিও) যোগাযোগের জন্য স্কাইপিসহ বিকল্প কোন ব্যবস্থাও চালু নেই।

৩। এমতাবস্থায় তাঁর প্রতিষ্ঠানের ভিডিও কনফারেন্সিং ডিভাইস আগামী ১১/০৮/২০১৮ তারিখের মধ্যে সচল ও চালু করা সহ স্কাইপি/ইমু/ ভাইবার/ ম্যাসেঞ্জার চালু রাখার জন্য নির্দেশক্রমে করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
(মনজুরুল কাদের)  
যুগ্ম সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ২। অধ্যক্ষ, .....~~সি.সি.সি.~~.....পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৩। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার/গ্রাফিক আর্টস/গ্লাস অ্যান্ড সিরামিক/সার্ভে ইনস্টিটিউট।
- ৪। অধ্যক্ষ, ভিটিআই, বগুড়া।
- ৫। অধ্যক্ষ, .....~~সি.সি.সি.~~.....টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
- ৬। আঞ্চলিক পরিচালক, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা।
- ৭। সেন্ট্রাল স্টোর কাম ওয়ার্কশপ, নারায়নগঞ্জ।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৩.১৬.০০৮.১৭. ৪৮

তারিখ: ০৯/০৮/২০১৮ খ্রি:।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। পরিচালক (পরি. ও উন্ন/পিআইইউ/ভোকেশনাল/পিআইডব্লিউ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। নথি।

(মনজুরুল কাদের)  
যুগ্ম সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।